উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ।
ত্রিশাল উপজেলা পরিষদ এর সেপ্টেম্বর /২০২৩ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ আবদুল মতিন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ।
তারিখ : ২১/০৯/২০২৩ খ্রি.
সময় : বেলা ১১:০০ ঘটিকা।

উপস্থিত সদস্য : পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জ্ঞাপন করে সভার কাজ শুরু করেন। তিনি সভায় আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার জনাব জুয়েল আহমেদ সম্মানিত সদস্যগণকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে গত ১৭/০৮/২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করেন। পঠিত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

অত:পর আলোচ্যসূচির ক্রমধারা অনুযায়ী বিভাগীয় কর্মকর্তাগণকে তাঁদের বিভাগীয় কার্যাবলী এবং অগ্রগতি উপস্থাপন করার জন্য অনুরোধ জানানো হয় এবং আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | এলজিইডিঃ<br>উপজেলা প্রকৌশলী অত্র মাসিক সাধারণ সভায় সম্মানিত সভাপতিসহ সকল সদস্যগণকে শুভেচ্ছা ও সালাম জানিয়ে অবহিত করেন যে,তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। অত্র উপজেলায় এলজিডি বিভাগের আওতায় চলমান বিভিন্ন স্কীমের কাজ চলমান আছে। প্রকল্পের আওতাযুক্ত স্কীমগুলো অনুমোদিত Design & specification মোতাবেক বাস্তবায়নে অত্রদপ্তরের উপ সহকারী প্রকৌশলীবৃন্দ তাদের দায়িত্ব পালন করে চলছে। উপজেলা প্রকৌশলী জানান যে, প্রাথমিক শিক্ষা ডিপার্টমেন্টের ৭টি প্রাইমারী স্কুলের অতিরিক্ত কক্ষ নির্মানের জন্য এবং ১৮ টি বিদ্যালয়ের বাউন্ডারি ওয়াল নির্মানের জন্য টেন্ডার আহ্বানের নিমিত্তে সদর দপ্তর থেকে প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে। যা সম্ভাব্য অক্টোবর/২০২৩ ইং তারিখের মধ্যে টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করা হবে।<br>এছাড়া বালিপাড়া পুরাতন অফিস ভবন পরিদর্শন কালে দেখা যায় যে, বিদ্যমান ভবনগুলো অত্যন্ত জরাজীর্ন ও ঝুঁকিপূর্ণ। এ অবস্থায় ভবনগুলো ব্যবহার না করে তা জেলা কনডেম ডিকলারেশন কমিটির মাধ্যমে কনডেম ঘোষনা করার জন্য ব্যাবস্থা গ্রহণ করতে অনুরোধ করেন। | ০১। নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য এবং বালিপাড়া পুরাতন অফিস ভবন কনডেম ঘোষনা করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন ও প্রাক্কলন প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ত্রিশাল, ময়মনসিংহ।<br>ও<br>উপজেলা প্রকৌশলী<br>এলজিইডি,<br>ত্রিশাল,ময়মনসিংহ। |
| | বৈলর ধানীখোলা সড়কের ক্ষতিগ্রস্থ অংশগুলো চলমান করার জন্য নির্বাহী প্রকৌশলীর দপ্তরকে অনুরোধ করা হলে আগামী সপ্তাহের মধ্যে মোবাইল মেইন্টেনেন্সের মাধ্যমে চলমান করার প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণ করবে। | ০২। দ্রুত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | সকল ইউনিয়ন পরিষদ ভবনে বিভিন্ন দপ্তরের কর্মকর্তাদের অবস্থানের নির্দেশনা রয়েছে। এরই প্রেক্ষিতে উপজেলা দপ্তরের প্রতি ইউনিয়নে একজন কর্মকর্তাকে অবস্থানসহ সেবা প্রদানের নির্দেশনা দেওয়া হয়েছে। এরই প্রেক্ষিতে সকল চেয়ারম্যানকে তাদের অবস্থানগত সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো। | ০৩। নির্দেশনা মোতাবেক সকল চেয়ারম্যানকে তাদের অবস্থানগত সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |

| | | | |
|---|---|---|---|
| | হরিরামপুর সঃ প্রাঃ বিদ্যালয়ের বাউন্ডারী ওয়াল নির্মানের জায়গা সংক্রান্ত জটিলতার সমাধান দেওয়ার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।<br><br>উপজেলা প্রকৌশলী পরিষদকে অবহিত করেন যে,এডিপি (রাজস্ব উদ্বৃত্ত তহবিল) ২০২২-২৩ এর চলমান কাজগুলো বাস্তবায়নের জন্য তাগিদ পত্র হিসেবে ঠিকাদার প্রতিষ্ঠান ও সংশ্লিষ্ট ব্যাংক গুলোকে Performance security encashment এর জন্য পত্র প্রদান করা হয়েছে। এত ঠিকাদার প্রতিষ্ঠান কাজের গতি ত্বরান্বিত করেছে এবং আশা করা যায় যে, আগামী অক্টোবর/২০২৩ইং এর মধ্যে সমাপ্ত হবে।<br><br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, বীর মুক্তিযোদ্ধাদের নামে বিভিন্ন রাস্তাঘাট নামকরনের বিষয়ে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ১৩ তম বৈঠকের সিদ্ধান্তের আলোকে সকল জেলা/উপজেলার বিভিন্ন রাস্তাঘাট বীর মুক্তিযোদ্ধাদের নামে নামকরণের নির্দেশনা রয়েছে। সেই মোতাবেক বীর মুক্তিযোদ্ধা মোঃ মোসলেম উদ্দীনের নামে ত্রিশাল উপজেলাধীন ০৫ নং রামপুর ইউনিয়নের ০৮ নং ওয়ার্ডে অবস্থিত ত্রিশাল টু বালিপাড়া রোড হইতে দক্ষিন দিকে বীররামপুর দক্ষিন ভাটিপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় হইয়া গফাকুঁড়ি বাজার পর্যন্ত রাস্তাটি নামকরনের জন্য, বীর মুক্তিযোদ্ধা এ.কে.এম.ফজলুল হক (আবুল) এর নামে ০১ নং ধানীখোলা ইউনিয়নের ০৯ নং ওয়ার্ডের ভাংতির বাজার হতে সামানিয়া পাকারাস্তা পর্যন্ত রাস্তাটি নামকরনের জন্য এবং বীর মুক্তিযোদ্ধা শহীদ আলতাব আলী বাজারী এর নামে সানকিভাঙ্গা লালপুর রাস্তার সানকিভাঙ্গা প্রান্ত থেকে বীর মুক্তিযোদ্ধা শহীদ আলতাব আলী বাজারীর বাড়ী পর্যন্ত রাস্তাটি নামকরনের জন্য সভায় প্রস্তাব করেন। প্রস্তাবগুলো সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হলো। | ০৪। উপজেলা শিক্ষা অফিসারকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>০৫। নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>০৬। অনুমোদিত প্রস্তাবগুলো সুপারিশসহ জেলা প্রশাসক মহোদয় বরাবরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ :<br>উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা সভায় জানান যে, ডেঙ্গু রোগীর সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। তাই সবাইকে সচেতন থাকতে হবে।<br><br>চেয়ারম্যান, সাখুয়া ইউনিয়ন পরিষদ, কমিউনিটি ক্লিনিকে লোক দিতে বলেন।<br>চেয়ারম্যান, বালিপাড়া ইউনিয়ন পরিষদ, ধলা আরডিতে ডাক্তার বসানোর প্রস্তাব করেন।<br><br>উপজেলা নির্বাহী অফিসার সক্ষমতার মধ্যে আগামী সভার পূর্বেই এই অবস্থার যাতে উন্নতি ঘটে তার যথাযথ ব্যবস্থা নিয়ে আগামী সভায় জানাতে বলেন। পাশাপাশি ডায়াগনস্টিক সেন্টারগুলোর একটি তালিকা করে আগামী সভায় উত্থাপন করতে বলেন।<br><br>এছাড়া উপজেলা নির্বাহী অফিসার ধলা আশ্রয় কেন্দ্রে অবস্থানরত লোকদের স্বাস্থ্যসেবা নিশ্চিতকল্পে প্রতি মাসে কমপক্ষে একবার মেডিকেল ক্যাম্প করার জন্য সভায় প্রস্তাব করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ডেঙ্গু প্রতিরোধে সবাইকে সচেতন থাকার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>প্রস্তাবমতে, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে কমিউনিটি ক্লিনিকগুলোতে সুনজর দেয়ার পাশাপাশি ডায়াগনস্টিক সেন্টারগুলোর একটি তালিকা করে আগামী সভায় উত্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>প্রস্তাবমতে, ধলা আশ্রয় কেন্দ্রে অবস্থানরত লোকদের স্বাস্থ্যসেবা নিশ্চিতকল্পে প্রতি মাসে কমপক্ষে একবার মেডিকেল ক্যাম্প করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। ও চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ। |
| ০৩ | উপজেলা কৃষি বিভাগ :<br>উপজেলা কৃষি কর্মকর্তা বিভাগীয় কাজে বাইরে থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | - | - |

| | | | |
|---|---|---|---|
| ০৪ | **উপজেলা মৎস্য বিভাগ :**<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে,মাছ চাষের ক্ষেত্রে বিভিন্ন কোম্পানী নামে বেনামে এ্যাকুয়া মেডিসিন বিক্রি করছে। তাছাড়া মৎস্য খাদ্য বিক্রেতার দোকান গুলো লাইসেন্স ছাড়াই মৎস্য খাদ্য বিক্রি করে যাচ্ছে। বিভিন্ন দোকানে জনস্বাস্থ্যের জন্য হুমকী স্বরূপ মৎস্য খাদ্য তৈরীর উপাদান বিক্রি করছে। তাছাড়াও ধলায় অনেকের হ্যাচারী না থাকা সত্ত্বেও ফেইজবুকে ভুয়া হ্যাচারীর নাম দিয়ে ভোক্তাদের প্রতারিত করছেন। এমতাবস্থায় মোবাইল কোর্ট পরিচালনা করা অত্যন্ত জরুরী। তাই জরুরী ভিত্তিতে অভিযান / মোবাইল কোর্ট পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অনুরোধ জানানো হয়। | প্রস্তাবমতে, মোবাইল কোর্ট পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ।<br>ও<br>সংশ্লিষ্ট সকল। |
| ০৫ | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগ :**<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | উপজেলা প্রাণিসম্পদ বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৬ | **উপজেলা সমাজসেবা বিভাগ ঃ**<br>উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, সামাজিক নিরাপত্তার আওয়াতাধীন বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতার অনলাইন আবেদন শেষ হয়েছে ২০ সেপ্টেম্বর ২০২৩ তারিখে। অত্র উপজেলায় মোট আবেদন পড়েছে ১৪৭৯৬ টি। অধিদপ্তর থেকে বরাদ্দ পেলে পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে। এছাড়া অনান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ।<br>ও<br>চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ। |
| ০৭ | **উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ :**<br>উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, ত্রিশাল উপজেলায় ১৮১ টি সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। ২০২৪ সালের পাঠ্যপুস্তক আসতে শুরু করেছে। ছাত্র-ছাত্রীর উপস্থিতি বৃদ্ধি করার জন্য প্রতিটি বিদ্যালয়ে মা-সমাবেশ, অভিভাবক সমাবেশের আয়োজন করা হয়েছে। মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিত করার জন্য শিক্ষকগন কাজ করে যাচ্ছে। | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ।<br>ও<br>সংশ্লিষ্ট সকল। |
| | চেয়ারম্যান, সাখুয়া ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, নওপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থীর সংখ্যা একেবারেই কম। কি কারনে শিক্ষার্থীর সংখ্যা কমে যাচ্ছে এ বিষয়ে দৃষ্টি দেয়ার জন্য তিনে সভাপতির মাধ্যমে উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার যেসব স্কুলে ছাত্রের সংখ্যা অস্বাভাবিক হারে কমে যাচ্ছে তার একটি তালিকা করে উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তাকে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে বলেন। | প্রস্তাবমতে, যেসব স্কুলে ছাত্রের সংখ্যা অস্বাভাবিক হারে কমে যাচ্ছে তার একটি তালিকা করে উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তাকে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৮ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ :**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এইচ এস সি পরীক্ষার কারনে বাইরে থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | - | - |
| ০৯ | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ :**<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, ত্রিশাল উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের স্বাভাবিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয় থেকে নিয়মিত | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |

| | | | |
|---|---|---|---|
| | পরিবার পরিকল্পনা সেবা সমূহ এবং মা ও শিশু স্বাস্থ্যসেবা প্রদান করা হচ্ছে। ইউনিয়ন পর্যায়ে অবস্থিত ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্র সমূহ হতে নিয়মিত ভাবে গর্ভবতী ও প্রসূতি মায়ের এনসি ও পিএনসি সেবা সহ শিশু ও সাধারণ রোগীর চিকিৎসা প্রদান করা হচ্ছে। প্রত্যন্ত অঞ্চলে চিকিৎসা সেবা নিশ্চিত করার উদ্দেশ্যে স্যাটেলাইট ক্লিনিকের আয়োজন করা হচ্ছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | হয়। | |
| ১০ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ :<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের বিভিন্ন প্রকল্পের বিতরণ নিম্নে দেওয়া হলো।<br>টিআর/কাবিটা ঃ ২০২৩-২০২৪ ইং অর্থবছরের টিআর/কাবিটা প্রকল্পের নির্বাচনী এলাকার বরাদ্দের বিপরীতে মাননীয় এমপি মহোদয় প্রকল্প গ্রহণ করেছেন। প্রকল্পগুলো যাচাই বাছাই পূর্বক জেলা কমিটিতে প্রেরণ করা হয়েছে। কাজ বাস্তরায়ন প্রকৃয়াধীন। টিআর/কাবিটা উপজেলা পরিষদের বরাদ্দের বিপরীতে ইউপি চেয়ারম্যানগণ প্রকল্প গ্রহণ করে উপজেলা পরিষদে পাঠিয়েছেন। প্রকল্প গুলো যাচাই বাছাই পূর্বক জেলা কমিটিতে অনুমোদনের জন্য পাঠানো হবে।<br>ইজিপিপি/অতিদ্ররিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর-২০২৩-২০২৪ অর্থ বছরের প্রকল্প গ্রহণের জন্য প্রকল্প পরিচালকের দপ্তর থেকে নির্দেশনা প্রদান করা হয়েছে। সেই মতে প্রকল্প গ্রহণ করার জন্য ইতি মধ্যে ইউপি চেয়ারম্যানগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে।<br>অত্র দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সরকার কর্তৃক নির্ধারিত নির্দেশ মোতাবেক উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগের কার্যক্রম সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১১ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :<br>সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য সভায় জানান যে, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ শীর্ষক প্রকল্পের আওতায় ২০২৩-২৪ অর্থ বছরে সাবমারসিবল পাম্প সহ ৩১২ টি নলকূপের বরাদ্দ পাওয়া গেছে।<br>মানব সম্পদ উন্নয়নে গ্রামীন পানি সরবরাহ, স্যানিটেশন স্বাস্থ্যবিধি প্রকল্প আওতায় হতদরিদ্র পরিবারের মধ্যে বিনামূল্যে টুইনপিট ল্যাট্রিন স্থাপন করা হবে। প্রতি ইউনিয়নে বরাদ্দ ২১৬টি করে। বিভাগীয় কার্যক্রম যথারিতি চলমান আছে কোন সমস্যা নেই। | প্রাপ্ত বরাদ্দের কাজ যথাসময়ে শেষ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ ঃ<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে,<br>১। ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) কর্মসূচি ঃ ২০২৩-২৪ চক্রের ভিডব্লিউবি কার্যক্রমের আওতায় ১২ টি ইউনিয়নে সেপ্টেম্বর/২৩ মাসের ২৮২৪ জন উপকার ভোগীর মধ্যে খাদ্যাশষ্য বিতরণের লক্ষে ডিও জারি করা হয়।<br>২। মা ও শিশু সহায়তা কর্মসূচি ঃ মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৩-২৪ অর্থ বছরে পৌরসভা এবং প্রত্যেক ইউনিয়নে নির্ধারিত কোটা অনুযায়ী উপকারভোগী নির্বাচনের জন্য সংশ্লিষ্ট পৌরসভা ও ইউপি চেয়ারম্যানগন বরাবর পত্র প্রেরন করা হয়েছে।<br>৩। কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প ঃ কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় ২০২৩ সালের ৩য় ব্যাচের ১২ টি ক্লাবে প্রশিক্ষণ কার্যক্রম চলমান।<br>৪। দিবস উদযাপন ঃ উক্ত মাসে ৩০ সেপ্টেম্বর জাতীয় কন্যা শিশু দিবস উদযাপন করা হবে। | জয়িতা অন্বেষণ বাংলাদেশ ২০২৩ নির্বাচন উপলক্ষে আগামী ২ সপ্তাহের মধ্যে ০৫ ক্যাটাগরীর ৫ জন জয়িতার নাম উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে পাঠানোর ব্যাপারে সকল ইউপি চেয়ারম্যান ও পৌরমেয়রকে যথাযথ পদক্ষেপ নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ।<br>মেয়র ত্রিশাল পৌরসভা ও চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ। |

| | | | |
|---|---|---|---|
| | ৫। জয়িতা অন্বেষণ বাংলাদেশ ২০২৩ নির্বাচন উপলক্ষে আগামী ২ সপ্তাহের মধ্যে ০৫ ক্যাটাগরীর ৫ জন জয়িতার নাম উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে পাঠানোর জন্য সকল ইউপি চেয়ারম্যান ও পৌরমেয়রকে অনুরোধ করা হলো।<br><br>অন্যান্য কর্মসূচি ঃ অত্র দপ্তরের দাপ্তরিক অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | | |
| ১৩ | উপজেলা সমবায় বিভাগ ঃ<br>উপজেলা সমবায় কর্মকর্তা এইচ এস সি পরীক্ষার কারনে বাইরে থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | - | - |
| ১৪ | উপজেলা বন বিভাগ :<br>ফরেস্টার বিভাগীয় কারনে বাইরে থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | - | - |
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ :<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বিভাগীয় কারনে বাইরে থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | - | - |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। অপ্রধান শস্য প্রকল্পে ২০২৩-২৪ অর্থ বছরে ৬.০০ (ছয় লক্ষ) ঋণ সহায়তা প্রদান করেছেন। আগামী মাস হতে প্রশিক্ষনের বাজেট অনুযায়ী প্রশিক্ষন কার্যক্রম শুরু হবে। বিভাগীয় অন্যান্য কার্যক্রমস্বাভাবিক ভাবে চলছে।<br><br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, বিআরডিবি অফিসের পিছনে টিনের চালওয়ালা ঘরটি দীর্ঘদিন যাবৎ ভাড়া দেয়া। বর্তমানে ঘরটির অবস্থা খুবই শোচনীয় পাশাপাশি ঘরে বসবাসকারীদের চার থেকে পাঁচটি গরু রয়েছে। যেগুলো প্রতিনিয়ত পরিষদ চত্বরে ঘুরাঘুরি করছে এবং পরিষদের সৌন্দর্য বিঘ্নিত করছে। এছাড়া পরিষদের ভিতরে বহিরাগতদের অবস্থানের ফলে পরিষদের নিরাপত্তার ঝুঁকি নিশ্চিত করা সম্ভব হচ্ছেনা। এমতাবস্থায় পরিষদের সৌন্দর্য ও নিরাপত্তা রক্ষার স্বার্থে ভাড়াটিয়ার সাথে আইনানুগভাবে চুক্তি বাতিলের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানান।<br><br>সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে আগামী ১৫/১১/২০২৩ খ্রি. তারিখের মধ্যে ভাড়াটিয়াকে সরানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানান। | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>আগামী ১৫/১১/২০২৩ খ্রি. তারিখের মধ্যে ভাড়াটিয়াকে সরানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৭ | উপজেলা আইসিটি বিভাগ ঃ<br>উপজেলা আইসিটি কর্মকর্তা বিভাগীয় কারনে বাইরে থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | - | - |
| ১৮ | পল্লী জীবিকায়ন প্রকল্প ঃ<br>উপজেলা প্রকল্প কর্মকর্তা সভায় জানান যে, নতুন অর্থ বছরের ২০২৩-২৪ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী দল গঠন সদস্য ভর্তি সঞ্চয় জমা ও ঋন বিতরন | পল্লী জীবিকায়ন বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকল্প কর্মকর্তা, পল্লী জীবিকায়ন ত্রিশাল, ময়মনসিংহ। |

| | | | |
|---|---|---|---|
| | এর কার্যক্রম শুরু হয়েছে। প্রশিক্ষনের লক্ষমাত্রানুযায়ী আগামী মাস হতে প্রশিক্ষন কার্যক্রম শুরু হবে। সঞ্চয় ৫.৯৪ (লক্ষ) টাকা জমা হয়েছে। ২০২৩-২৪ অর্থ বছরে এবং ঋণ বিতরণ করা হয়েছে ৬৭.২৫ (লক্ষ) টাকা অর্জন করা হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | |
| ১৯ | ইউজিডিপি :<br>ইউজিডিপি প্রকল্পের কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | ইউজিডিপি প্রকল্পের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলেটর, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ২০ | বিবিধ ঃ<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ জরুরী ভিত্তিতে নিম্নোক্ত ০১ হতে ০৫ নং প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য এবং মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ জরুরী ভিত্তিতে নিম্নোক্ত ০৬ নং প্রকল্পটি বাস্তবায়নের জন্য সভায় প্রস্তাব করেন।<br>০১। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে নতুন একটি কক্ষ নির্মাণ (অংশ-০১) = ২,০০,০০০/-।<br>০২। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে নতুন একটি কক্ষ নির্মাণ (অংশ-০২) = ২,০০,০০০/-।<br>০৩। ত্রিশাল উপজেলার সকল পূজামন্ডপে সিসি ক্যামেরা স্থাপন বাবদ = ৫,০০,০০০/-।<br>০৪। উপজেলা পরিষদের আবাসিক কোয়ার্টার সংস্কার বাবদ = ২,০০,০০০/-।<br>০৫। উপজেলা পরিষদের বাউন্ডারী ওয়াল রংকরণ ও বাথরুম সংস্কার বাবদ = ২,০০,০০০/-।<br>০৬। ত্রিশাল উপজেলার বিভিন্ন ইউনিয়নের দুঃস্থ মহিলাদের কর্মসংস্থানের ব্যবস্থা করে দেয়ার জন্য তাদের মাঝে সেলাই মেশিন বিতরণ = ২,০০,০০০/-।<br><br>প্রস্তাবগুলো সর্বসম্মতিক্রমে গৃহীত হয় এবং সভাপতি মহোদয় বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। | বরাদ্দ প্রাপ্তি/থাকা সাপেক্ষে প্রকল্পগুলো বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি, ত্রিশাল,ময়মনসিংহ। |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে আগামী দিনগুলিতে নিজ নিজ দায়িত্ব সঠিকভাবে পালন করে ত্রিশাল উপজেলার উন্নয়নে সহযোগিতা করার অনুরোধ জানান। অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি আবারও সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আবদুল মতিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ।

স্মারক নং-০৫.৪৫.৬১৯৪.০১৭.০৬.০০২.২০২৩-২৮২ তারিখ : ২১/০৯/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো :

১। জনাব মোঃ হাফেজ রুহুল আমিন মাদানী, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫২ ময়মনসিংহ-৭, ত্রিশাল, ময়মনসিংহ।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ।
৪। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, ময়মনসিংহ।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৮। উপজেলা ---------------------------------- অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
৯। চেয়ারম্যান ------------------------- ইউনিয়ন পরিষদ (সকল), ত্রিশাল, ময়মনসিংহ।

21/9/2023

(জুয়েল আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
ত্রিশাল, ময়মনসিংহ।